

কখনো বা বাসে ট্রেনে, কখনো বা ফুটপাতে, কখনো বা গড়িয়াহাটে,  
কখনো শিয়ালদা কখনো বা হাওড়ার লম্বা লম্বা প্লাটফর্মে ।।  
ধর্মতলা থেকে বড়োবাজার হয়ে কখনো বা মঙ্গলাহাটে,  
হেঁকে ডেকে বার বার, ভেঙেছি কণ্ঠস্বর, ধরেছি কাস্টমার পথেঘাটে ।।  
কখনো বা ভালোবাসা, পেইছি তিরস্কার, ধমকানি, পরবাদ কতবার,  
তবুও মানিনি হার, হেঁসে কেঁদে বার বার, করেছি স্বীকার, ওই নিষ্ঠুর পরিহাস বিধাতার ।।  
আমরা হকার,আমরা হকার,আমরা হকার, আমরা হকার\_\_  
চোর বা ডাকাত নোই, আমরা হকার, হ্যাঁ হ্যাঁ হকার, শুধুই হকার ।।

আদরে ভালোবেসে কত না নতুন নামে ডাকতেন আমাদের মা বাবা,  
খোকা,সাপাট,গলু, পিকলু বা রানী পীলু নেই কোনো আজ তার ঠিকানা ।।  
হঠাৎ বদলে গেল সেই সব নামগুলো রিনি, পুলু, গোলু আর পটাই,  
ভাগ্যচক্রে হয়,হয়ে গেলাম মোরা খেলনাপাতি কলা শসা হকার ভাই ।।  
যোগ্যতা নেই বলেই হয়েছি হকার নাকি , বার বার বলতে শুনেছি,  
কেউই কি কখনো আজ ভাবে না তো একবার মোদের ও আছে ওই বাঁচবার অধিকার ।।  
আমরা হকার,আমরা হকার,আমরা হকার, আমরা হকার\_\_  
সমাজ বিরোধী নই, আমরা হকার, হ্যাঁ হ্যাঁ হকার, শুধুই হকার ।।

নিশ্চয়তা নেই যে মোদের সদাই চলে মনে দন্দ ,  
উপার্জনটা হয় না যখন সবই কিছু থাকে বন্ধ ।  
উপায় তো আর নেই যে কোথাও কেনোই বা করি মান অভিমান ,  
যখন তখন হতেই পারে সেই হকার উচ্ছেদ অভিযান ।  
বাড়িতে মোদের স্বজন আছে, আছে আন্ত পরিবার  
বিক্রিবাত্রা না হয় যদি, তবে জুটবে না তো দিনের আহার ,

দয়ার পাত্র নই গো মোরা করি সদাই পর উপকার

রেখে হাতে হাত বাঁচবো সবাই মোদের ও আছে ওই সম্মানের অধিকার ॥

আমরা হকার,আমরা হকার,আমরা হকার, আমরা হকার\_\_

সমাজ বিরোধী নই, নই বা চোর ডাকাত, হ্যাঁ হ্যাঁ হকার, শুধুই হকার ॥

সাধনা রায় ব্যানার্জী